

সফল সাধনা ।

যে দিন তোমারে আনিতে পারিব
আমার হৃদয়-মাঝারে ।

আঁখিজল মোর ঝরিবেনা আর
পথ চাওয়া শেষ হবে বার বার
এমন করিয়া আকুল পরাণ

ডাকিবে না আর কাহারে;”

হৃদয়ে বাহিরে সকল হৃদ
হয়ে যাবে মোর নিমিষে বন্ধ
সব দিক ভাঙ্গি গভীর হৃদ
ছুটিবে বসিতে তোমারে ।

কোথা হতে আসি’ দিব্য আলোক
অবশ অঙ্গে জাগাবে পুলক
জ্বালোক ভুলোক যা কিছু রমা
আপনি নয়ন নেহারে,

সার্থক হবে সব চাওয়া পাওয়া
ঘুচে যাবে মোর শুধু আসা যাওয়া
জীবনে মরণে যত প্রয়োজন

আর যাতনা দিবেনা আমারে ।

ওগো ! যে দিন তোমারে আনিতে পারিব
আমার হৃদয়-মাঝারে ।

ঐপ্রমদেশচন্দ্র রায়,
প্রথম বার্ষিক শ্রুণী ।